



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

১২ আগস্ট ১৪২৮

ডিওএস সার্কুলার লেটার নং-৪০

তারিখ : -----

২৭ সেপ্টেম্বর ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে বিশেষ তহবিল গঠন এবং বিনিয়োগের নীতিমালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি  
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের বিষয়বস্তুর আংশিক সংশোধন/সংযোজনপূর্বক বেসরকারি উদ্যোগ্তা কর্তৃক নবায়নযোগ্য জ্ঞানান্বীকৃত বিনিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদিত ও Special Purpose Vehicle (SPV) কর্তৃক ইস্যুকৃত গ্রীন সুকুক বড়ে বর্ণিত বিশেষ তহবিল হতে বাংলাদেশ ব্যাংক নির্দেশিত পছায় তফসিলি ব্যাংকের বিনিয়োগের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৮ পর্যন্ত নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এ প্রসঙ্গে জারিকৃত প্রজ্ঞাপনটির অনুলিপি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এত্তৎসংগে যুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০০৯৩

## বাংলাদেশ ব্যাংক

### প্রজ্ঞাপন

নং-ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২১-৩৯০৮

তারিখ: ১২ আগস্ট ১৪২৮  
২৭ সেপ্টেম্বর ২০২১

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২০-৫৪৫ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বেসরকারি উদ্যোগী কর্তৃক নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদিত ও Special Purpose Vehicle (SPV) কর্তৃক ইস্যুকৃত গ্রীন সুকুক বন্ডে বর্ণিত বিশেষ তহবিল হইতে বাংলাদেশ ব্যাংক নির্দেশিত পছায় তফসিল ব্যাংকের বিনিয়োগের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৮ পর্যন্ত নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।



(এ, কে, এম সাজেদুর রহমান খান)

ডেপুটি গভর্নর